

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-সহকারী পরিচালকের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
সাতক্ষীরা।

স্মারক নং- ৫৮.০৩.৪০৮৭.০০৭.২৫.০৬৮.১৮-৭৫৭

তারিখঃ ১৯/০৯/২০২৩ খ্রিঃ।


প্রতি : স্টেশন অফিসার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন,  
সাতক্ষীরা/কালিগঞ্জ/কলারোয়া/দেবহাটা/আশাশুনি/শ্যামনগর।

বিষয় : বিভাগীয় কল্যাণ ও নারী কল্যাণ সমিতির টাকা প্রেরণ প্রসংগে।

সূত্র: অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০১৩.৯৯.০১২.২৩-১১০৬৩ তারিখঃ ১৮/০৯/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বিনয়ের সাথে জানানো যাচ্ছে যে, অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল গঠনতন্ত্র-২০১৬ এর ১৪-খ/২,৪ ও ৬ অনুচ্ছেদ মোতাবেক আদায়কৃত চাঁদা ও ঋণের টাকা প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে জমা প্রদান অথবা গঠনতন্ত্র-২০১৬ এর ০৪/ক-১ অনুচ্ছেদ মোতাবেক বিলম্বে চাঁদা প্রদানকারী স্টেশন কর্মকর্তাকে প্রতি মাসে ১০% হারে জরিমানাসহ চাঁদা প্রদানের নির্দেশনা রয়েছে। বিভাগীয় কল্যাণ ও নারী কল্যাণ সমিতির টাকা যথাসময়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে প্রেরণের জন্য স্টেশন হতে সঠিক সময়ে বিভাগীয় কল্যাণ ও নারী কল্যাণের চাঁদার টাকা দপ্তরে না আসার কারণে অধিদপ্তরে পাঠাতে বিলম্ব হচ্ছে। বিধায় প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে কল্যাণের টাকা অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিশেষ দ্রষ্টব্যঃ- [০৫(পাঁচ) তারিখ যদি শুক্রবার/শনিবার থাকলে তাহার আগের দি়র অর্থাৎ ০৪(চার) তারিখ টাকা পরিশোধ করতে হবে, অন্যথায় ১০% হারে জরিমানাসহ চাঁদা প্রদান করতে হবে।]

  
১৯/০৯/২০২৩  
উপ-সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
সাতক্ষীরা।